

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ  
অতিরিক্ত জেলা ও দায়রা জজ ৩য় আদালত, যশোর

স্মারক নং ৬৬৭

তারিখ: ২৭ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ  
১২ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

নিম্ন উল্লিখিত পদসমূহে সরাসরি নিয়োগ নিমিত্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে উপযুক্ত প্রার্থী বাছাই এর লক্ষ্যে বর্ণিত তথ্যাদি অনুসারে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

ক্রম	পদের নাম	বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫)	পদ সংখ্যা	যোগ্যতা
১	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর	১১০০০-২৬৫৯০; ১৩	২	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনূন্বন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।
২	সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর	১০২০০-২৪৬৮০; ১৪	১০	

- ২। প্রার্থীর বয়স: ১ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখে অনধিক ৩০ (ত্রিশ) বছর। এসএসসি বা সমমানের পরীক্ষার সনদ অনুযায়ী বয়স নির্ধারিত হবে। বয়স নির্ধারণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ৩। আবেদনপত্র: [djcj.teletalk.com.bd](http://djcj.teletalk.com.bd) পোর্টাল ব্যবহার করে নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র দাখিল করা যাবে ১৫ নভেম্বর ২০২৪ খ্রি. হতে ৩০ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত।
- আবেদনটি সফলভাবে দাখিল করার পর একটি User ID প্রাপ্ত হবেন। টেলিটক ফোন নম্বর ব্যবহার করে ২২৫ টাকা ফি জমা দিতে হবে। ফি প্রদানের জন্য নিম্নবর্ণিত পদক্ষেপ অনুসরণ করুন। ফি প্রদান করা যাবে ৩ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত।
- প্রথম মেসেজ: মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে টাইপ করুন [DJCJ] স্পেস [User ID] সেন্ড করুন ১৬২২২ নম্বরে;  
টেলিটক: মেসেজের মাধ্যমে নাম, পদ ও পিন জানাবে;
- দ্বিতীয় মেসেজ: মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে টাইপ করুন [DJCJ] স্পেস [Yes] সেন্ড করুন ১৬২২২ নম্বরে;  
টেলিটক: ফিরতি মেসেজের মাধ্যমে লেনদেনটি সম্পন্ন হয়েছে মর্মে আপনাকে জানাবে।
- ৪। প্রবেশপত্র: [djcj.teletalk.com.bd](http://djcj.teletalk.com.bd) পোর্টাল ব্যবহার করে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন ৫ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখ হতে।
- ৫। নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সার্কুলার নং-৮/২০১৫ ও সরকারি অন্যান্য বিধিবিধান অনুসরণ করা হবে।
- ৬। এই বিজ্ঞপ্তি স্থগিত, বাতিল, পদসংখ্যা হ্রাস বা বৃদ্ধিসহ নিয়োগ সম্পর্কিত সকল কার্যক্রমে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।
- ৭। পরীক্ষা সম্পর্কিত সকল বিজ্ঞপ্তি <https://jashore.judiciary.gov.bd/bn/notice-more> এ প্রকাশ করা হবে।

স্বাক্ষরিত  
(মো. তসলিম আরিফ)  
সভাপতি  
নিয়োগ ও বাছাই কমিটি  
ও  
অতিরিক্ত জেলা ও দায়রা জজ, যশোর